



স্থান: টাংগাইল

ইনভেস্টমেন্ট এর শেষ সময়: ৫ সেপ্টেম্বর, ২০২২

ফার্ম সাইজ: ১০ টা গরু

আমাদের বাংলাদেশ কৃষিতে অপার সম্ভাবনাময়। সারা বিশ্বে চলছে বিভিন্ন রকম মহামারী, যুদ্ধ, ও নানারকম সংকট। কাজেই সামনে খাদ্য সংকট বাড়বে, তা আর বলার অপেক্ষা রাখে না। সেইসাথে দেশের মুদ্রাস্ফীতি কিংবা অর্থনৈতিক মন্দা সময়ে কৃষির উপর নির্ভর করেই দেশ এগিয়ে যাবে। আর দেশের কৃষি অর্থনীতির উন্নয়নে সবচেয়ে বড় ভূমিকা পালন করে আমাদের দেশের প্রান্তিক কৃষকেরা কিন্তু সময়মতো পর্যাপ্ত অর্থ এবং পরামর্শ সহায়তার অভাবে তাদের গতানুগতিক চাষবাসে জীবনযাত্রার মানে তেমন কোন পরির্তন ঘটে না। আমরা ফার্মনেট লিমিটেড দেশের প্রান্তিক কৃষক এবং খামারীদের সাথে পার্টনারশিপ গিয়ে তাদের সংঘবদ্ধ করে তাদের খামার এবং চাষাবাদের প্রয়োজনীয় সকল উপকরণের জন্য অর্থের যোগান, পরামর্শ, ইনসুরেন্স এবং বাজারে তাদের উৎপাদিত নিরাপদ খাদ্য পণ্য সরাসরিভাবে ভোক্তাদের কাছে পৌঁছে দিতে কাজ করে যাচ্ছি। যেখানে আপনি আমাদের মাধ্যমে সরাসরিভাবে কৃষকদের বিনিয়োগ করে তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন সেইসাথে আপনার বিনিয়োগকৃত অর্থ থেকে হালালভাবে প্রফিট শেয়ার নিশ্চিত করতে পারবেন। কেননা আপনার কষ্টের টাকা ব্যাংকে ফেলে না রেখে আমাদের মাধ্যমে সরাসরি কৃষককে ইনভেস্ট করতে পারেন, এবং পেতে পারেন চমৎকার হালাল লভ্যাংশ। যেটা ভেরিফাই করবে একজন উপজেলা প্রানিসম্পদ বিভাগের সহকারী কর্মকর্তা সহ আমাদের অভিজ্ঞ টিম। আপনার শহুরে জীবনযাপন থেকে রিয়েললাইফ ফার্মিংয়ের এক্সপেরিয়েন্স দিতেই কাজ করে যাচ্ছি আমরা যেখানে আপনি আপনার ফার্মিংয়ের প্রত্যেকটা ধাপ ট্রেস করতে পারবেন।

আমাদের ফার্মের লোকেশন

টাংগাইল জেলায় দেলদুয়ার এবং সদর উপজেলার কৃষক ও আমাদের সদস্যের টিম নিয়ে প্রফিট শেয়ারিং পদ্ধতিতে গরু মোটাতাজাকরন নিয়ে কাজ শুরু করেছি। যেখানে আমরা সবসময়ই প্রাধান্য দিচ্ছি কৃষক কে।

আমাদের অভিজ্ঞ কৃষক এবং খামারী সিলেকশন এ আমরা যা বিবেচনা করেছি:

অভিজ্ঞতা- যারা ইতিপূর্বেও প্রায় ৩-৫ বছর গরু পালন করেছে।

- নিরাপদ সাপ্লাই পানির ব্যবস্থা এবং পরিষ্কার খাবার প্রদানের জায়গা
- নিরাপদ পয়নিষ্কাশন ব্যবস্থা ও পর্যাপ্ত আলো-বাতাসের ব্যবস্থা আছে এমন জায়গায় সেড করা হয়েছে।

গরু নির্বাচন:

প্রতিটি গরুর কেনার সময় (আনুমানিক)

- জাত: ক্রস ব্রাড গরু
- বয়স: ১.৫ থেকে ২ বছর হবে।
- দাঁতের সংখ্যা: ২ টি।
- ওজন: ১১০-১২০ কেজি।
- রং: লাল বা কালো কিংবা অনন্য

ইনভেস্টমেন্ট এর টাকা কিভাবে ব্যবহার হবে:

ইনভেস্টমেন্ট এর টাকা দিয়ে আমরা প্রান্তিক কৃষকদের গরু কিনে দেব। তারা ৬ মাস সেই গরুর পরিচর্যা করে মোটাতাজাকরন করবে। উপজেলা প্রানিসম্পদ বিভাগের একজন দক্ষ চিকিৎসকের সহযোগীতায় আমাদের ফার্মনেটের টিম মেম্বারের একজন সবসময় গাইড করবেন সেই কৃষকদের। প্রতিটি গরু ইন্সুরেন্স এর আওতা ভুক্ত থাকবে। যেখানে, আমরা গরুকে পরিমিত মাত্রায় সুস্বাদু খাদ্য প্রদানের ব্যবস্থা করবো সেইসাথে ক্ষতিকর কোনো ভ্যাক্সিন বা মেডিসিন গরুকে দেয়া হবে না।

ফাইন্যান্সিয়াল এনালাইসিস:

খরচের বিবরণ (প্রতি গরু)	টাকা	মন্তব্য
গরুর ক্রয় মূল্য	৬০০০০/-	(আনুমানিক ওজন ১১০-১২০ কেজি)
খাবার, চিকিৎসা ও আনুষঙ্গিক খরচ	১৪০০০/-	ছয় মাসে মোট খরচ
প্রতিটি গরুর মোট খরচ	৭৪০০০/-	প্রতিটি গরুর ইনভেস্টমেন্ট এমআউন্ট
আনুমানিক বিক্রয় মূল্য	৮৫০০০/- থেকে ৯৫০০০/-	(আনুমানিক ওজন ২০০-২২০ কেজি)
নেট প্রফিট	১১০০০/- থেকে ২১০০০/-	প্রকল্প মেয়াদ: ছয় মাস/ বারো মাস
নেট প্রফিট (ইনভেস্টর)	৮%	ছয় মাস/ বারো মাস ১৬০০/৩২০০

পেমেন্ট পলিসি:

সর্বনিম্ন ১টা শেয়ারে ইনভেস্ট করা যাবে। ফার্মনেট এর ব্যাংক একাউন্টের মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে। এগ্রিমেন্ট পেপার ১ মাসের মধ্যে ইনভেস্টরের ইমেইল পৌঁছে যাবে।

রিটার্ন পলিসি: কোন ইনভেস্টমেন্ট ম্যাচিউর হবার আগেই বাতিল করতে হলে ন্যূনতম এক মাস আগে আমাদের জানাতে হবে।

ইনভেস্টমেন্ট ম্যাচিউর হওয়ার পূর্বে রিফান্ড ক্লেইম করলে শুধুমাত্র মূল টাকা ফেরত পাওয়া যাবে।

ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি ও প্রফিট ডিসবারসমেন্ট:

এই ইনভেস্টমেন্ট এর সময়কাল হবে ছয় মাস। এক বছরে মোট দুইটি সিজন। ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি পাবার পর প্রকল্পের প্রফিট ও মূল টাকা প্রদান করা হবে।

খামার ভিসিট: যে কোন সময় ইনভেস্টকৃত খামার ভিসিট করতে চাইলে আমাদেরকে জানালে আমরা ভিসিটের ব্যবস্থা করে দিব।

ইন্সুরেন্স পলিসি: আমাদের প্রতিটি গরুর জন্য ইন্সুরেন্স থাকবে। অসুস্থ হয়ে বা এম্ব্রিডেন্ট করে গরু মারা গেলে আমরা ইন্সুরেন্স এর মাধ্যমে গরুর ইনভেস্টমেন্ট এর ৯০% টাকা ইনভেস্টরদের ফিরিয়ে দেয়া হবে মারা যাবার ১ মাসের মধ্যে। (মারা যাবার পর পোস্ট-মর্টেম করবে একজন উপজেলা ভেটেরিনারি চিকিৎসক।) প্রতিটি গরুর ইন্সুরেন্স থাকার কারণে, ইনভেস্টরদের মূল টাকার কোনো রিস্ক ফ্যাক্টর নেই।

FarmNet